গাংনীতে সংঘর্ষের ঘটনায় ৮ জন আহত

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের জুগিন্দা গ্রামে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় উভয়পক্ষের অন্তত ৮ জন আহত হয়েছে। গত বৃহস্পতিবার দিবাগত সন্ধ্যা রাতে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে মেহেরপুর জেনারেল হাসপাতাল ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

আহতরা হলেন, জুগিন্দা গ্রামের মকরেম আলীর তিন ছেলে তৌহিদুল ইসলাম (৩৮), আবু বক্কর (৩৭) ও তোফাজ্জেল হোসেন (৫০) এবং তোফাজ্জেল হোসেনের ছেলে দেলোয়ার হোসেন (২৫)। অন্যপক্ষের আহতরা হলেন- একই গ্রামের আব্দুর রবের দু’ছেলে ফার্ণিচার ব্যবসায়ী সাইদুল ইসলাম (৩০) ও সাজিদুল ইসলাম (২৫), গোলাম রসুলের দু’ছেলে ফলেদ হোসেন (৩০) ও আব্দুস সামাদ (৫০)।

আহত ফার্ণিচার ব্যবসায়ী সাইদুল ইসলাম জানান, কিছুদিন আগে দেলোয়ার হোসেন ৪ হাজার টাকা জমা দিয়ে আমার ফার্ণিচার থেকে ১৬ হাজার টাকা মূল্যের একটি খাট কেনার বায়না দেয়। বৃহস্পতিবার ওই খাটের পুরো টাকা না দিয়ে খাট নিয়ে যেতে চায়। আমি বাকিতে খাট দিতে অপরাগত প্রকাশ করি।

এ সময় দেলোয়ার বায়নাকৃত টাকা তাৎক্ষনিকভাবে ফেরত চাইলে, আমি তার টাকা ফেরত দিই। তারপরও সে তার লোকজনদের সাথে নিয়ে আমার উপর হামলা শুরু করে। এ সময় আমার লোকজন ঠেকাতে গেলে তাদেরও পিটিয়ে জখম করে।

অন্যদিকে আহত আবু বক্কর পাল্টা অভিযোগ করে জানান, ফার্ণিচার ব্যবসায়ী সাইদুল ইসলামের কাছে দেলোয়ার অগ্রিম টাকা বায়না দিয়ে একটি খাট বানানোর জন্য বলে। সে মতে সাইদুল খাট তৈরিও করেন।

বৃহস্পতিবার সন্ধ্যায় দেলোয়ার খাট নিতে গেলে, পুরো টাকা পরিশোধ করার পর খাট দেয়া হবে এমন কথা বলেন সাইদুল। এ সময় দেলোয়ার খাট না নিয়ে বায়নাকৃত টাকা ফেরত চাইতে গেলে, দু’জনের মধ্যে বাকবিতন্ডা হয়। এক পর্যায়ে সাইদুলের লোকজন আমাকেসহ আমার

লোকজনের উপর হামলা করে রক্তাক্ত করেন।

গাংনী থানার ওসি জানান, খবর শুনে তাৎক্ষনিকভাবে পুলিশের একটি দল পৌঁছে পরিস্থিতি শান্ত করেছে।

আলমডাঙ্গায় পাউয়ির খাল পূনঃখনন কাজের উদ্বোধন

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এডিসির উদ্যোগে পাউয়ির খাল পূনঃখনন কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা উপজেলার রেল জগন্নাথপুর এ পূনঃখনন কাজের উদ্বোধনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধন অনুষ্ঠানে ক্ষুদ্রসেচ প্রকল্প পরিচালক ও কুষ্টিয়া জোনের বিএডিসি কর্মকর্তা নুরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব ও বিএডিসি (ক্ষুদ্রসেচ) প্রকল্পের পরিচালক মো: আরিফ। বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আরিফ হোসেন বলেন, আমরা বর্তমানে কৃষি সমৃদ্ধ দেশে বসবাস করছি। এখন প্রতি মৌসুমে ধান আবাদে বিঘা প্রতি ২০ থেকে ৩০ মণ ধান ঘরে তোলে কৃষকেরা। বিগত দিনে কৃষকেরা ১ বিঘা জমিতে ৮ থেকে ১০ মণ পর্যন্ত ধানের ফলন পেত। বর্তমান সরকারের উদ্যোগে এবং ধান গবেষণার কারণে বারি মৌসুমি আবাদের কারণে তা বেড়েছে তিন গুন।

তিনি আরো বলেন, আমাদের কুষ্টিয়া জোনের মেহেরপুর, চুয়াডাঙ্গাসহ পাশ্ববর্তী জেলা গুলোতে সোনা ফলে। এ এলাকার মাটিতে যা রোপণ করা হয় সবই ফলন সমৃদ্ধি হয়। আমরা বিএডিসির পক্ষ থেকে যে অঞ্চলে কৃষি জমিতে জলাবদ্ধতার কারণে ফসল হচ্ছে না কিংবা কৃষকেরা ক্ষতির সম্মুখিন হচ্ছে সে এলাকায় জলাবদ্ধতা নিরসনে কাজ করে যাচ্ছি।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কালিদাসপুর ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যান নুরুল ইসলাম, বিএডিসি কুস্টিয়া জোনের সহকারী প্রকৌশলী এরশাদ আলী, চুয়াডাঙ্গার সহকারী প্রকৌশলী খালেদা খানম, মেহেরপুর জেলার সহকারী প্রকৌশলী শাহজালাল আবেদীন, সহকারী হিসাব রক্ষক আতাউল হক, চুয়াডাঙ্গা জেলা উপ-সহকারী প্রকৌশলী আব্দুল হালিম শেখ, উপ-পরিচালক জাহিদ হাসান, পাইকপাড়া ক্যাম্প আইসি এসআই গিয়াস, ইউপি সদস্য হাসিবুল ইসলাম প্রমুখ।

উল্লেখ্য, মুজিবনগর সেচ উন্নয়ন প্রকল্পের আওতাধীন ৫০ লাখ টাকা ব্যয়ে ৩.১ কিলোমিটার এ খাল পুনঃখনন কাজ বাস্তবায়ন করছেন। খাল খনন হলে উপকৃত হবেন এলাকার কৃষকগণ। ঘটবে এলাকার আর্থ সামাজিক উন্নয়ন।

গাংনীর গাড়াবাড়ীয়া তে জমির সীমানা নির্ধারণ কে কেন্দ্র করে সংঘর্ষ-আহত ৬

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া গ্রামে জমির সীমানা নির্ধারণ কে কেন্দ্র করে উভয় পক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ৬ জন আহত হয়েছে বলে জানাযায়। গতকাল শুক্রবার বিকাল ৪ ঘটিকার সময় গাড়াবাড়ীয়া হাট পাড়ায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, হাট পাড়া প্রিকেডেট স্কুলের সামনে মকলেছ নামের এক ব্যাক্তি দীর্ঘদিন আগে নজিবর রহমানের সেজো ছেলে জিল্লুর রহমানের কাছে থেকে ৩ কাঠা জমি ক্রয় করে যা গাড়াবাড়ীয় হারুন আলীর জমির পাশে। কিছুদিন আগে এই জমি মাপা হইছে তাই মকলেছের বউ ছকিনা তাদের জমির সীমানাতে পিলার পুতে আসেন।

মকলেছের নিকট তম স্বজন উম্মর আলী জানান, এই কেনা জমীর মধ্যে হারুন আলী এক শতক খাস জমির দাবি জানায় কাগজ পত্র ছাড়ায় আর মকলেছরা নেজ্য জমি কিনেছে এখন এই জমির মধ্যে থেকে এরা কি করে দিবে।

পরে হারুন আলী জমির পিলার তুলে ফেলে দিতে যায় বাগবিতর্কে মকলেছের বউ ছকিনা কে মারপিট করতে থাকে পরে মকলেছ,ও তার ছেলে শরীফ উদ্দীন এসে দেখে মকলেছের বউ কে মারছে তার পর এরা ওদের সাথে একটু হাতাহাতি করেছে ওদের লেগেছে এদের ও দুজনের মাথা ফেটে গেছে সেলাই হইছে ৪ টি মকলেছের বউয়ের মাথায় লেগে হসপিটালে ভর্তি।

এ বিষয়ে হারুনের বড় ছেলে আবু তালেবের সাথে কথা বলে জানা যায়, যে আমার বাবা ওই দিকে গেছে জমির অবস্থা দেখতে ওরা ভয় দেখায় আগে থেকেই মারবে। আমি মানা করি বাবা ওদের সাথে যেন কোন কথা না বলে। আজ বিকেলে বাবা গিয়ে দেখে আমাদের জমিতে পিলার পোতা বাবা জিজ্ঞেস করতে মকলেছ ও তার ছেলে আসাদ আমার বয়স্ক বাবার উপর হামলা চালায়। আমি শুনতে পেয়ে দৌড়ে গিয়ে দেখি আমার বাবা কে বেধম মার ধর করছে আমি ঠেকাতে গেলে আমাকে হ্যাবার ছেলে শফিক ও সুজন দুই ভাই এসে মারতে থাকে পরে আমার মাথা ফেটে রক্তপাত হতে থাকে।

আমার ভাই বিশারতের মেয়ে সুবর্না ক্লাস ৯ পড়ে তাকেও মেরে পা কেটে দিয়েছে ৫ টি সেলাই হয়েছে আমার ভাইয়ে বউয়ের বুকে আঘাত ও মাথায় গুরুতর আঘাত করেছে। আমরা এর কিছুই জানলাম না শুধু শুধু মার খেলাম আমরা সুষ্ঠ বিচার দাবি চাচ্ছি।

এ বিষয়ে ধলা ক্যাম্প ইনচার্জ নজরুল ইসলাম জানান, এখন পর্যন্ত কোন প্রকার মামলা করেনি তবে ঘটনা স্থলে গিয়ে জানলাম জমি নিয়ে মারামারি হয়েছে উভয় পক্ষ আহত হয়ে হসপিটালে ভর্তি।

ঝিনাইদহে র্যাব-৬ এর অভিযানে ধর্ষণ মামলার প্রধান আসামী গ্রেফতার

ঝিনাইদহ র্যাব ক্যাম্পের আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ শহরের জোহান ড্রিম বেইলী পার্ক এলাকায় অভিযান পরিচালনা করে হরিণাকুন্ডুর অঞ্জলী রানী ধর্ষন মামলার প্রধান মোঃ রাজ আক্তার (৩৬) কে গ্রেফতার করেছে।

সে হরিণাকুন্ড উপজেলার দারিয়াপুর গ্রামের মৃত সমসের মন্ডলের ছেলে।

র্যাবের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানা যায় ৫ফেব্রুয়ারী দুপুর ১২টার দিকে, সিপিসি-২ ঝিনাইদহ র্যাব ক্যাম্পের আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ শহরের জোহান ড্রিম বেইলী পার্ক এলাকায় অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করতে সক্ষম হয়। পরবর্তিতে উক্ত গ্রেফতারকৃত আসামীকে হরিণাকুন্ডু থানায় হস্তান্তর করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয় বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশকে অপরাধমুক্ত করার লক্ষ্যে জঙ্গী সংক্রান্ত কার্যক্রম, সন্ত্রাস, হত্যা, ডাকাতী, ছিনতাই, অপহরণ, খুন, ধর্ষণ গুম, মাদক ও চরমপন্থীদের অপতৎপরতা রোধে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন প্রতিনিয়ত অভিযান পরিচালনা করে যাচ্ছে। এটা তারই একটি অংশ।

উল্লেখ যে, গত ৩১/১২/২০ ইং তারিখে রাতে নিজ বাড়িতে দুর্বৃত্তদের হাতে ধর্ষনের স্বীকার হয় হরিণাকুন্ডুর দরিয়াপুর গ্রামের সন্নাসী দাস এর স্ত্রী অঞ্জলী রানী দাসী (৩৫)।

পরবর্তীতে অঞ্জলী রাণী বাদী হয়ে হরিণাকুন্ডু থানায় রাজ আক্তার (৩৬), কে প্রধান আসামী করে দুই জনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন যার মামলা নং ০৫/২০২১ তারিখ ১৪/০১/২১ ইং ধারা- নারী ও শিশু নির্যাতন আইন ২০০০ (সংশোধনী/০৩) এর ৯(১)/৩০। উক্ত ঘটনার পর মামলার প্রধান আসামী রাজ আক্তার দীর্ঘদিন যাবৎ পলাতক ছিলেন।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে পৌঁছেছে করোনা ভ্যাকসিন

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পৌঁছেছে ৪’শ ৭৮ ডোজ করোনার ভ্যাকসিন। মহামারী করোনার স্বাস্থ্য সুরক্ষার

নিশ্চিতকল্পে ভ্যাকসিন প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে পৌছায় ভ্যাকসিন বহনকারী এ্যাম্বুলেন্সটি। উপজেলা নির্বাহী অফিসার আছাদুজ্জামান রিপন এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি করোনার এই ভ্যাকসিন গ্রহন করেন।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বাহাউল ইসলাম, উপজেলা স্যানেটারী ইন্সপেক্টর মনিরুজ্জামান সহ স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক, নার্স ও কর্মকর্তা-কর্মচারীরা।

এর আগে সকালে জেলা সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ এর নিকট ৪’শ ৭৮ ডোজ ভ্যাকসিন বুঝিয়ে দেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ জানান, সারা দেশের ন্যায় আগামী ৭ ফেব্রæয়ারী থেকে সুরক্ষা অ্যাপে নিবন্ধনের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে ফ্রন্ট লাইনার ও ৫৫ এর উদ্ধে বয়স্কাদের শরীরে সকাল ৮ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত এই ভ্যাকসিন প্রয়োগ করা হবে।

ঝিনাইদহে স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

নড়াইল আদালতে তারেক রহমানের নামে সাজার প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে শুক্রবার সকালে শহরের আরাপপুর এলাকা থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে জেলা স্বেচ্ছাসেবক দলের

সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম শফি, সিনিয়র যুগ্ম সম্পাদক রিন্টু মুন্সী, যুগ্ম সম্পাদক শরিফুল ইসলাম, সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক মশিউর রহমান, জেলা শাখার অর্থ সম্পাদক ফারুক হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক রাজু আহম্মেদ রাজিব, মৎস্যজীবি দলের আহ্বায়ক মুস্তাফিজুর রহমান খোকন, স্বেচ্ছাসেবক দল নেতা উজ্জল হোসেন, আনোয়ার হোসেনসহ জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ অংশ নেয়।

এসময় বক্তারা, নড়াইল আদালতে তারেক রহমানের সাজা দেওয়ার প্রতিবাদ জানিয়ে তা বাতিল করার দাবি জানান।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁতীদের জন্য কাজ করেছিলেন-আতাউর রহমান আতা

কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁতীদের জন্য কাজ করেছিলেন। তাঁতীদের ভাগ্যোন্নয়নে তাঁতী সমিতি গঠন করেছিলো।

শুক্রবার বিকেলে কুষ্টিয়া সদর উপজেলার উজানগ্রাম আলিম মাদরাসা প্রাঙ্গণে তাঁতী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, আওয়ামী লীগ সরকার মানুষের উন্নয়নে রাজনীতি করে। তাই যেখানে মানুষের ভাগ্যের উন্নয়ন হবে সরকার সেখানেই কাজ করবে। তাঁতী সম্প্রদায়ের জন্য কাজ করতে হবে। আর এই তাঁতের তৈরি কাপড়ের ঐতিহ্য ফিরিয়ে আনতে বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপির মাধ্যমে তাঁতীদের সর্বাত্মক সহায়তা প্রদান করা হবে বলেও জানান তিনি। এছাড়াও এই কুষ্টিয়ার উন্নয়নে দলমত নির্বিশেষে আওয়ামী লীগের হাতকে শক্তিশালী করতে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান তিনি।

বর্তমান সরকার উন্নয়নের সরকার উল্লেখ করে তিনি বলেন, মাটি ও

মানুষের হাহাকার থেকে উদ্ধার করতেই বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের হাল ধরেছিলেন। তিনি এ দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। যা বিগত আমলে কোন সরকার করেনি।

বিএনপি মানুষের সাথে ছলনাময়ী করেছে বলে উল্লেখ করে তিনি বলেন, গেলো পৌরসভার নির্বাচনে বিএনপি প্রার্থী কেউ মেয়র হতে পারেনি। জনগন তাদের কে ভোট দেয়নি। আওয়ামী লীগের নেতৃত্বকে সমর্থন দিয়ে যাচ্ছেন। এভাবেই এলাকার অসমাপ্ত উন্নয়ন কাজগুলো সম্পন্ন করা হবে বলেও জানান তিনি।

সমাবেশে প্রধান বক্তার বক্তব্যে বাংলাদেশ তাতীলীগের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি এ্যাড. নিজামুল হক চুন্নু বলেন, দেশের মধ্যে আধুনিক শহরে রুপান্তরিত হয়েছে এই কুষ্টিয়া। জেলার উন্নয়ন কর্মকান্ডগুলো যতদিন থাকবে ততদিনে ততদিন এই কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব উল আলম হানিফ এমপি কে মনে রাখবে জেলাবাসী।

আদর্শের নেতা ছিলেন বঙ্গবন্ধু উল্লেখ করে তিনি বলেন, সোনার বাংলা গড়ে তোলার স্বপ্ন ছিলো বঙ্গবন্ধুর। তার মতো ক্ষণজন্মা পুরুষ যুগে যুগে ছিলো আছে এবং থাকবে। বাংলাদেশকে দমায়ে রাখার কোন সুযোগ নেই। রোল মডেলে পরিণত হয়েছে এই বাংলাদেশ। তাঁতী সম্প্রদায়ের হারানো সেই গৌরব ফিরিয়ে আনতে বর্তমান সরকার কাজ করছে বলেও জানান তিনি।

জেলা তাঁতী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাফিজুর রহমান হাফিজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিন, সাধারণ সম্পাদক হারুন অর রশীদ, সিনিয়র সহসভাপতি সরোয়ার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেন,

সদর উপজেলা তাঁতী লীগের আহবায়ক আক্কাস আলী, জেলা পরিষদের সদস্য অধ্যাপক এমএ মজিদ, জেলা ছাত্র লীগের সভাপতি আতিকুর রহমান অনিক, উজানগ্রাম ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ছানোয়ার হোসেন মোল্লা, সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক, উজানগ্রাম আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রহমান প্রমুখ।

সমাবেশে তাতীলীগ, ছাত্র লীগ ও আওয়ামী লীগের অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ ও তাতী সম্প্রদায়ের মানুষজন উপস্থিত ছিলেন।
এরআগে অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করে নেয় তাঁতীলীগ নেতৃবৃন্দ।

কৃষি ও কৃষক এগিয়ে গেলে বাংলাদেশ এগিয়ে যাবে-এমপি খোকন

কৃষি ও কৃষক যদি এগিয়ে যায় তাহলে বাংলাদেশ এগিয়ে যাবে বলে মন্তব্য করেছেন মেহেরপুরের গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

শুক্রবার সকাল ১১ টায় চোঁখতোলা মাঠে চলতি বছরে বরো ধান রোপন দেখতে গিয়ে কৃষকদের সাথে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, আধুনিক প্রযুক্তি ব্যবহার করার কারণে ফসল উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। এছাড়া কৃষকের সন্তানদের পড়ালেখা করে মানুষের মত মানুষ করে সম্পদে রুপান্ত্রিত করতে হবে।

তিনি আরো বলেন, কৃষকে সামনের দিকে এগিয়ে নিতে তার সব ভাবনা উল্লেখ করে তিনি বলেন, আমি কৃষকের সন্তান কৃষকের কথাই বলছি কৃষকের সাথেই চলছি। কৃষি ও কৃষকের ভাগ্য উন্নয়নে কাজ করছে সরকার। এসময় কৃষকবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রম সম্পাদনের লক্ষে মতবিনিময় সভা

আলমডাঙ্গায় করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা ভ্যাকসিন প্রদান সহায়ক কমিটির আয়োজনে গত বুধবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সভাটি অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলীর সভাপতিত্বে ভ্যাকসিন প্রদান সম্পর্কে পরামর্শমূলক বক্তব্য রাখেন কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদ চেয়ারম্যান আইয়ুব হোসেন।

সরকারি নির্দেশনাসহ অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন কারা পাবে এবং তাদের করণীয় সম্পর্কে বিস্তারিত বক্তব্য রাখেন ভ্যাকসিন প্রদান সহায়ক কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা. হাদী জিয়াউদ্দিন আহমেদ সাঈদ।

সদস্য সচিব বলেন, আলমডাঙ্গায় প্রাথমিকভাবে প্রায় ১১ হাজার ৩শ ভ্যাকসিন এসেছে। তবে সরকারের নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ মোকাবেলায় সম্মুখ সারির যোদ্ধারাই আগে পাবেন।

তিনি জানান, প্রথমে স্বাস্থ্য বিভাগের সকল স্বাস্থ্যকর্মী, চাকুরীজীবী, পুলিশ, বিজিবি, সেনাবাহিনী, বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক, শিক্ষক ভ্যাকসিন পাবেন। তবে রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। রেজিস্ট্রেশন ছাড়া ভ্যাকসিন দেওয়া হবেনা বলে জানান তিনি। ক্রমান্বয়ে সবাই ভ্যাকসিন পাবে বলে তিনি উল্লেখ করেন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাসানুজ্জামান খান, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, সমাজসেবা অফিসার আফাজ উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার সামসুজ্জোহা, কাজী মাওলানা ওমর ফারুক, আনসার ও ভিডিপি অফিসার সাইদুর রহমান।

আলমডাঙ্গায় মুক্তিযোদ্ধা শওকত হোসেনের ইন্তেকাল

আলমডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধা শওকত হোসেন জোয়ার্দার বাবলু হৃদ রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। গতকাল রাত সাড়ে ১০ টার দিকে তার থানাপাড়ার নিজ বাস ভবনে ইন্তেকাল করেছেন।

(ইন্নালিল্লাহি ওয়া ইন্নইলাহি রাজিউন)।

দারুস সালাম প্রাঙ্গণে রাষ্ট্রিয় মার্যাদায় তার দাফন সম্পন্ন হয়। জানাগেছে, আলমডাঙ্গা থানাপাড়ার মরহুম মনোয়ার হোসেন জোয়ার্দারের বড় ছেলে বীর মুক্তিযোদ্ধা শওকত হোসেন জোয়ার্দার বাবলু ৩/৪ দিন জ্বরে আক্রান্ত হয়ে বাড়িতে চিকিৎসাধীন ছিল।

গতকাল রাতে প্রচণ্ড শ্বাস কষ্ট অনুভব করলে বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার ও তার ছোট ভাই বকুল আলমডাঙ্গা ফাতেমা ক্লিনিকে চিকিৎসা দেয়। একটু সুস্থ হলে বাসায় নিয়ে গেলে আবারও শ্বাস কষ্ট অনুভব করলে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৯ বছর।

গতকাল বাদ জোহর আলমডাঙ্গা দারুস সালাম প্রাঙ্গণে রাষ্ট্রিয় মার্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) হুমায়ন কবির, অতিরিক্ত পুলিশ সুপার জাহাঙ্গীর হোসেন, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার শফিউর রহমান জোয়ার্দার সুলতান, বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাবুদ্দিান, বীর মুক্তিযোদ্ধা শেখ নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা আব্দুল কুদ্দুস, বীর মুক্তিযোদ্ধা সাবেক পৌর চেয়ারম্যান এম সবেদ আলী, বীরমুক্তিযোদ্ধা মইনদ্দিন, পৌর মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু,

সাবেক উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা হেলাল উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার, বীর মুক্তিযোদ্ধা ইসমাইল হোমেন, ডাঃ একরামুল হক, ডাঃ সিরাজ উদ্দিন, আব্দুস সাত্তার, প্রধান শিক্ষক নুরুল ইসলাম দিপু, সাবেক কাউন্সিলর শরিফুল ইসলাম, কাউন্সিলর আলাল উদ্দিন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রেস ক্লাবের সম্পাদক হামিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা সেলিম উদ্দিন, সাবেক ব্যাংক কর্মকর্তা সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী মাস্টার, বীর মুক্তিযোদ্ধা মানোয়ার হোসেন মৃধা, বীর মুক্তিযোদ্ধা আব্দুল আজিজ, সরকারি কলেজের প্রভাসক তাপস রশিদ, সহকারী অধ্যাপক ইদ্রিস আলী খান প্রমুখ।

মৃত্যু কালে স্ত্রী, আত্মীয়-স্বজনসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।